দৈনিক বাংলা

তারিখ 23 SEP 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2

32

# ঢাকা কলেজে হাঙ্গামা ভাঙচুর

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা কলেজ ছাত্র সংসদ নির্বাচনের জের হিসাবে কিছুসংখ্যক ছাত্র ও বহিরাগত গত শুক্রবার রাতে কলেজ ভবনে নির্বাচন কমিশনের অফিস তছনছ, বিভিন্ন কক্ষ ভাঙচুর ও গতকাল একজন অধ্যাপকের সঙ্গে অশোভন আচরণ করে।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ঢাকা কলেজে হাঙ্গামা

(প্রথম পৃঃ পর)

গতকাল দুপুরে তাদের একটি মিছিলে 'নির্বাচনের ফল মানি না' বলে শ্লোগান দেয়া হয়। মিছিলকারীরা এসময় নির্বাচন কমিশনের আহবায়ক অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদের গাড়ির (ঢাকা গ ৭৬৬০) ক্ষতিসাধন করে। কলেজ গতকাল বন্ধ ছিল।

এদিকে ঢাকা কলেজ শিক্ষক পরিষদ শিক্ষকের ওপর হামলা ও গত দুদিনের অন্যান্য ঘটনায় ক্ষোভ ও দুঃখ প্রকাশ করেছে।

শিক্ষক পরিষদের এক বিবৃতিতে, বলা হয়, নিরীহ শিক্ষকদের যদি এ ধরনের দুঃখজনক আক্রমণের শিকার হতে হয় তবে কলেজের শিক্ষাদান কার্যক্রম অব্যাহত রাখা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা সম্ভব নয়।

ঢাকা কলেজ ছাত্র সংসদের নবনির্বাচিত ভিপি মীর সরফত আলী সপু ও জিএস জাকির হোসেন গতকাল এক যুক্ত বিবৃতিতে নির্বাচন কমিশনার আব্দুল্লাহ আবু সায়ীদের উপর হামলা এবং নির্বাচন কমিশন অফিস ভাঙচুর ও তছনছের ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে।

নেতৃদ্বয় ঘটনার জন্য ছাত্রলীগ (হা-অ) কর্মীদের দায়ী করেন এবং হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের আহবান জানান। খবর বিজ্ঞপ্তির।